# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩১২

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ জুনুবী ব্যক্তির জন্য গোসল না করে ওযূ বা তায়াম্মুম করে সালাত আদায় করা বৈধ, যখন সে প্রচন্ড ঠান্ডার কারণে নিজের প্রাণ নাশের আশংকা করবে

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْجُنُبِ إِذَا خَافَ التَّلَفَ عَلَى نَفْسِهِ مِنَ الْبَرْدِ الشَّدِيدِ عِنْدَ الِاغْتِسَالِ أَنْ يُصَلِّيَ بِالْوُضُوءِ أَوِ التَّيَمُّمِ دُونَ الِاغْتِسَالِ

---

আরবী

1312 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ عِمْرَانَ بْنِ أَبِي أَنَسٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ عَنْ أَبِي قَيْسٍ مَوْلَى عَمْرِو بْنِ الْعَاصِ:
أَنَّ عَمْرَو بْنَ الْعَاصِ كَانَ عَلَى سَرِيَّةٍ وَأَنَّهُ أَصَابَهُمْ بَرْدٌ شَدِيدٌ لَمْ يَرَوْا مِثْلَهُ فَخَرَجَ لِصَلَاةِ الصُّبْحِ قَالَ: وَاللَّهِ لَقَدِ احتلمت البارحة فغسل مكانه وَتَوَضَّأَ وُضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ صَلَّى بِهِمْ فَلَمَّا قَدِمَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَأَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أصحابه فقال:(كيف وجدتم عَمْراً وصحابته ؟ فَأَثْنَوْا عَلَيْهِ خَيْرًا وَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ صَلَّى بِنَا وَهُوَ جُنُبٌ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى عَمْرٍو فَسَأَلَهُ فَأَخْبَرَهُ بِذَلِكَ وَبِالَّذِي لَقِيَ مِنَ الْبَرْدِ وَقَالَ: يَا رَسُولَ اللَّهِ: إِنَّ اللَّهَ قَالَ: {وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ} [النساء: 29] وَلَوِ اغْتَسَلْتُ مُتُّ فَضَحِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إلى عمرو.
الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1312 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

**১৩১২.** আমর বিন আস রাদ্বিয়াল্লাহু আনহুমার আজাদকৃত দাস আবূ কাইস থেকে বর্ণিত, তিনি বলেন, আমর বিন আস রাদ্বিয়াল্লাহু আনহুমা একবার একটি যুদ্ধাভিযানে ছিলেন। এসময় তাদেরকে প্রচন্ড ঠান্ডা পেয়ে বসে; এমন ঠান্ডা তারা কখনও দেখেনি। অতঃপর তিনি ফজরের সালাতের জন্য বের হলেন, তিনি বলেন, “আল্লাহর কসম, গতরাতে আমার স্বপ্নদোষ হয়েছে। অতঃপর তিনি তার লজ্জাস্থান ধৌত করেন, এবং সালাতের ওযূর ন্যায় ওযূ করেন। তারপর তিনি তাদের নিয়ে সালাত আদায় করেন। অতঃপর যখন তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন, তখন তার সঙ্গীরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলে তিনি জবাবে বলেন, “তোমরা আমর ও তার সঙ্গীদেরকে কেমন পেয়েছো?” অতঃপর লোকজন তার প্রশংসা করলো। এবং তারা বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমর আমাদেরকে জুনুবী অবস্থায় সালাত পড়িয়েছেন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমর রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে লোক পাঠালেন এবং তিনি তাকে এই ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি জবাবে সে সম্পর্কে এবং তিনি যে প্রচন্ড ঠান্ডা অনুভব করেছিলেন সেটা বলেন। তিনি আরো বলেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ বলেছেন, “তোমরা নিজেদেরকে হত্যা করো না।” (সূরা নিসা: ২৯।) যদি আমি গোসল করতাম, তবে আমি মারা যেতাম!” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমরের কথায় হাসলেন।”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৩৩৫; দারাকুতনী: ১/১৭৯; সুনান বাইহাকী: ১/২২৬; মুসনাদ আহমাদ: ৪/২০৩-২০৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৬১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90626

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন